




শাপলা চতুর ঘটনা ঘিরে প্রথম ‘গণহত্যা’ আখ্যা দেয় বিএনপি: তথ্যমন্ত্রী



তথ্য ও সম্প্রচারমন্ত্রী জাহির উদ্দিন স্বপন। ছবি: সংগৃহীত

শাপলা চতুরের ঘটনাকে বিএনপিই প্রথম ‘গণহত্যা’ হিসেবে উল্লেখ করেছিল বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জাহির উদ্দিন স্বপন।

গুৱেবার (৮ মে) রাজধানীর জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে শাপলা স্মৃতি সংসদ আয়োজিত ‘শাপলার শহীদগাঁথা: স্মরণ ও মূল্যায়ন’ শীর্ষক আলোচনায় তিনি এ কথা বলেন। তিনি দাবি করেন, বর্তমান সরকার ওই ঘটনার দায়ীদের বিচার নিশ্চিত করতে কাজ করছে। একই সঙ্গে তার বক্তব্যে উঠে আসে, আগের সময় ঘটনাটি ঘিরে নানা অপপ্রচার ও ভিন্ন বর্ণনার মাধ্যমে সত্য আড়াল করার চেষ্টা হয়েছিল।

অনুষ্ঠানে ১১ দলীয় জোটের নেতারা শাপলা চতুরের ঘটনাকে রাজনৈতিক ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অধ্যায় হিসেবে উল্লেখ করেন এবং এর বিচার সম্পন্ন না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন।

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার এ বিষয়ে প্রশ্ন তুলে বলেন, ওই সময় বিদ্যুৎ বিচ্ছিন্ন করে ব্যাপক সহিংসতা চালানো হয়েছিল এবং প্রাণহানির ঘটনা আড়াল করার অভিযোগ রয়েছে।

তিনি আরও বলেন, তৎকালীন সরকার ঘটনার বিষয়ে ভিন্ন বক্তব্য দিয়েছিল এবং বিষয়টি এখন আন্তর্জাতিক ট্রাইব্যুনালে বিচারাধীন রয়েছে। তার দাবি অনুযায়ী, তদন্তে বহু মৃত্যুর তথ্য উঠে এসেছে।

এছাড়া তিনি ২০১৩ সালের শাপলা চতুরের ঘটনা এবং পরবর্তী রাজনৈতিক আন্দোলনগুলোকে একই ধারাবাহিক প্রক্রিয়ার অংশ হিসেবে দেখেন।